গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-০১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং- ৪৬.০০.০০০০.০৪৬.১৮.০৬৩.২০১৪-১২৬

তারিখ: ২৭ বৈশাখ ১৪৩০। / ১০ মে ২০২৩।

**বিষয়: জেলাপ্রশাসক সম্মেলন ২০২৩ এ গৃহিত সিদ্ধান্ত বাস্তবায়ন প্রসঙ্গে।**

সূত্র: ১। মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং ০৪.০০.০০০০.৫১৪.০৩.০০১.২৩-২৮৯, তারিখ: ১৪ মার্চ ২০২৩।
২। স্থানীয় সরকার বিভাগের মনিটরিং-২ শাখার স্মারক নং-৪৬.০০.০০০০.০৯৮.২৯.০০৩.২০২৩-৬৫, তারিখ: ১৮ এপ্রিল ২০২৩।

উপর্যুক্ত বিষয় সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জেলাপ্রশাসক সম্মেলন ২০২৩ এ স্থানীয় সরকার বিভাগ সংক্রান্ত নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় (কপি সংযুক্ত)।

**(ক) স্বল্পমেয়াদি:**

| ক্রম | প্রস্তাবকারী | সিদ্ধান্ত |
|---|---|---|
| ০১ | জেলা প্রশাসক, পঞ্চগড় | উপজেলা পরিষদের রাজস্ব তহবিল বৃদ্ধিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। |

**(গ) দীর্ঘমেয়াদি:**

| ক্রম | প্রস্তাবকারী | সিদ্ধান্ত |
|---|---|---|
| ০২ | জেলা প্রশাসক চাঁদপুর ও লালমনিরহাট | দেশের সকল উপজেলায় পর্যায়ক্রমে একটি করে শেখ রাসেল শিশু পার্ক নির্মাণের উদ্যোগ গ্রহণ করতে হবে। |

এমতাবস্থায়, জেলাপ্রশাসক সম্মেলন ২০২৩ এ উল্লিখিত সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে নিম্নরূপ প্রস্তাব প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(ক) উপজেলা পরিষদের রাজস্ব তহবিল বৃদ্ধির বিষয়ে সম্ভাব্য রাজস্ব আয়ের খাতসমূহ উল্লেখপূর্বক প্রস্তাব প্রেরণ;

(খ) দেশের সকল উপজেলায় পর্যায়ক্রমে একটি করে শেখ রাসেল শিশু পার্ক নির্মাণে প্রতিটি পার্কের জন্য (উপজেলা ভিত্তিক) কি পরিমাণ জমি প্রয়োজন, কিভাবে জমি নির্বাচন করা যায় (পার্ক ইতোমধ্যে তৈরী হয়ে/চলমান থাকলে তথ্য প্রেরণ) এবং সম্ভাব্য কত টাকা ব্যয় হতে পারে তা উল্লেখ্যপূর্বক মতামতসহ পত্র প্রেরণ।

সংযুক্তি: বর্ণনামতে ০৪ (চার)) পাতা।

১০/৫/২০২৩

(মাহবুবা আইরিন)
উপসচিব
ফোন: ০২২২৩৩৮২২৪৭

জেলা প্রশাসক (সকল)

--------------------------------------------- জেলা।

**অনুলিপি:**

১। বিভাগীয় কমিশনার (সকল),---------------------------- বিভাগ।
২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
৩। জেলা প্রশাসক (সকল), ------------------------------------------------------ জেলা।
৪। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬। সহকারী সচিব, মনিটরিং-২ শাখা, স্থানীয় সরকার বিভাগ।
৭। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান (সকল), ----------------------------উপজেলা, --------------- জেলা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
মনিটরিং-২ শাখা
www.lgd.gov.bd

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০৯৮.২৯.০০৩.২০২৩.৬৫ | তারিখ: ৫ বৈশাখ ১৪৩০
১৮ এপ্রিল ২০২৩

বিষয়: **জেলাপ্রশাসক সম্মেলন ২০২৩-এ গৃহিত সিদ্ধান্ত বাস্তবায়ন প্রসংগে।**

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-০৪.০০.০০০০.৫১৪.০৩.০০১.২৩-২৮৯, তারিখ: ১৪/০৩/২০২৩খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকে মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত গত ২৪-২৬ জানুয়ারি, ২০২৩ তারিখে অনুষ্ঠিত জেলাপ্রশাসক সম্মেলন ২০২৩-এ গৃহিত সিদ্ধান্তের ছায়ালিপি এসাথে প্রেরণ করা হলো। সংশ্লিষ্ট সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতির আপডেট প্রতিবেদন প্রতি মাসের ৫ তারিখের মধ্যে আবশ্যিকভাবে **মনিটরিং-২ শাখায় হার্ড কপি ও সফ্ট কপি (MS Word) ই-মেইলে** প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ননামতে।

১৮-৪-২০২৩
মোঃ শাহজালাল
সহকারী সচিব
ফোন: ০২-৫৫১০১৩০৯
ইমেইল:
monitoring2lgd@gmail.com

বিতরণঃ কার্যার্থে- উপসচিব (ইউনিয়ন পরিষদ-১/২, উপজেলা-১/২, পৌর-১/২, উন্নয়ন-২,পাস-১/২/৩, সিটি কর্পোরেশন-১/২ /জেলা পরিষদ), স্থানীয় সরকার বিভাগ।

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০৯৮.২৯.০০৩.২০২৩.৬৫ /১(৮) | তারিখ: ৫ বৈশাখ ১৪৩০
১৮ এপ্রিল ২০২৩

অনুলিপিঃ সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১) মহাপরিচালক, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট, ঢাকা।
২) প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
৩) ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা/খুলনা ওয়াসা/চট্টগ্রাম ওয়াসা/রাজশাহী ওয়াসা।
৪) যুগ্মসচিব(উন্নয়ন/উপজেলা/ইউনিয়ন পরিষদ/নগর উন্নয়ন-১/২/প্রশাসন অধিশাখা/পানি সরবরাহ), স্থানীয় সরকার বিভাগ।
৫) প্রধান নির্বাহী কর্মকর্তা, বরিশাল সিটি কর্পোরেশন।
৬) সচিব এর একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
৭) মহাপরিচালক (মইই) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ।
৮) যুগ্মসচিব (মওমূ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ।

২৮৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সমন্বয় অধিশাখা
www.cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.০৩.০০১.২৩.২৮৯

তারিখ: ২৯ ফাল্গুন ১৪২৯
১৪ মার্চ ২০২৩

বিষয়: **জেলাপ্রশাসক সম্মেলন ২০২৩-এর কার্যবিবরণী প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ২৪-২৬ জানুয়ারি ২০২৩ তারিখ জেলাপ্রশাসক সম্মেলন ২০২৩ অনুষ্ঠিত হয়। উক্ত সম্মেলনের কার্যবিবরণী পুস্তক আকারে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সঙ্গে প্রেরণ করা হল।

সংযুক্ত: ১। প্রতিটি মন্ত্রণালয়/বিভাগে ০২টি;
২। প্রতি বিভাগীয় কমিশনারের কার্যালয়ে ০২টি; এবং
৩। প্রতি জেলা প্রশাসকের কার্যালয়ে ০২টি সহ মোট ২৫৬টি।

১৪-৩-২০২৩
মোহাম্মদ খোরশেদ আলম খান
উপসচিব
ফোন: ০২২২৩৩৮১১০৭
ফ্যাক্স: ৯৫৭৩৫৩৩
ইমেইল: faco_sec@cabinet.gov.bd

বিতরণ :
১) সিনিয়র সচিব/সচিব (সকল)
২) বিভাগীয় কমিশনার (সকল)
৩) জেলা প্রশাসক (সকল)

| মনিটরিং-২ শাখা |
|---|
| ডাইরী নং- ১১০ |
| তারিখঃ- ১২/৪/২৩ |

২১/৪/২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# জেলাপ্রশাসক সম্মেলন ২০২৩

২৪-২৬ জানুয়ারি ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মনিটরিং-২ শাখা
স্থানীয় সরকার বিভাগ

# কার্যবিবরণী

মন্ত্রিপরিষদ বিভাগ

**জেলা প্রশাসক, খুলনা, বাগেরহাট ও সাতক্ষীরা**

উপকূলীয় জেলাগুলোতে বিশুদ্ধ পানীয় জলের ব্যবস্থা করা যেতে পারে।

**মাননীয় প্রতিমন্ত্রী, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ**

তিনি বলেন যে, মাঠপর্যায়ে জেলা প্রশাসকগণ কর্তৃক পরিচালিত বিভিন্ন কর্মকান্ড দেশের উন্নয়নের চালিকাশক্তি। মাঠ পর্যায়ে সঠিকভাবে প্রকল্প বাস্তবায়নে তিনি জেলা প্রশাসকদের পক্ষ থেকে সর্বাত্মক সহযোগিতার জন্য তিনি অনুরোধ করেন।

**মাননীয় মন্ত্রী, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়**

তিনি বলেন যে, বর্তমান সরকারের সময়ে পার্বত্য জেলাসমূহে ব্যাপক উন্নয়ন হয়েছে। যেসব এলাকায় বিদ্যুৎ দেওয়া সম্ভব হয়নি সে-সব জায়গায় সোলার সিস্টেম স্থাপন করা হয়েছে। কর্মকর্তাদের পদায়নের ক্ষেত্রে পার্বত্য জেলাগুলোকে এখন আর পশ্চাৎপদ জেলা হিসাবে বিবেচনার সুযোগ নেই।

**মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার বিভাগ**

তিনি বলেন যে, জনপ্রশাসনের সাথে জনপ্রতিনিধিদের সম্পৃক্ত করা গেলে উন্নয়ন টেকসই হয়। প্রশাসন ও জনপ্রতিনিধিরা একই সঙ্গে অগ্রসর হলে দেশের জন্য তা কল্যাণকর হয়। এছাড়া, ধর্মীয় সম্প্রীতি বজায় থাকলে উন্নয়ন ত্বরান্বিত হয়। প্রাকৃতিক সম্পদ যথা আলো, বাতাস, পানি প্রভৃতির সঠিক ব্যবহার জাতিকে উন্নত করে। তিনি বলেন, ইটের গুণগতমান বজায় রাখার জন্য লাইসেন্স প্রদানের কার্যক্রম চালুর উদ্যোগ নিতে হবে। বর্জ্য ব্যবস্থাপনার বিষয়েও কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।

উপর্যুক্ত আলোচনা, সম্মেলনের কার্যপত্র ও মন্ত্রণালয়ের মতামতের পরিপ্রেক্ষিতে স্থানীয় সরকার বিভাগ এবং পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ সম্পর্কিত নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

## ১। স্থানীয় সরকার বিভাগ সংক্রান্ত

(ক) স্বল্পমেয়াদি:

| ক্রম | প্রস্তাবকারী | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১. | জেলা প্রশাসক পঞ্চগড় | উপজেলা পরিষদের রাজস্ব তহবিল বৃদ্ধিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | স্থানীয় সরকার বিভাগ |
| ০২. | জেলা প্রশাসক খাগড়াছড়ি পার্বত্য জেলা | তিন পার্বত্য জেলার উপজেলাসমূহে রাজস্ব আয় না থাকায় স্থানীয় সরকার বিভাগ হতে থোক বরাদ্দ প্রদান করতে হবে। | স্থানীয় সরকার বিভাগ |
| ০৩. | জেলা প্রশাসক বরিশাল | বরিশাল মহানগরে জেল খালসহ ২৩টি খাল প্রয়োজনীয় খনন ও সংস্কারের উদ্যোগ নিতে হবে। এ উদ্দেশ্যে স্থানীয় সরকার বিভাগ প্রকল্প প্রস্তাব প্রণয়ন করে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ে প্রেরণ করবে। | স্থানীয় সরকার বিভাগ |

(খ) মধ্যমেয়াদি:

| ক্রম | প্রস্তাবকারী | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১. | মাননীয় মন্ত্রী স্থানীয় সরকার বিভাগ | স্থানীয় সরকারের জনপ্রতিনিধিদের 'স্মার্ট বাংলাদেশ' বিনির্মাণের উপযোগী করে গড়ে তোলার জন্য প্রশিক্ষণের উদ্যোগ নিতে হবে। | স্থানীয় সরকার বিভাগ |
| ০২. | জেলা প্রশাসক ঢাকা | সংশ্লিষ্ট আইন ও বিধি পর্যালোচনা করে ঢাকা মহানগরের সাবেক ১৬টি ইউনিয়নের ১৬০ জন গ্রাম পুলিশকে ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশনে সমপর্যায়ের কোন পদে আত্তীকরণ করতে হবে। | স্থানীয় সরকার বিভাগ |

(গ) দীর্ঘমেয়াদি:

| ক্রম | প্রস্তাবকারী | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১. | জেলা প্রশাসক কুড়িগ্রাম | ভূগর্ভস্থ পানি ব্যবহারের নীতিমালা প্রণয়ন করতে হবে। | স্থানীয় সরকার বিভাগ |
| ০২. | জেলা প্রশাসক চাঁদপুর ও লালমনিরহাট | দেশের সকল উপজেলায় পর্যায়ক্রমে একটি করে শেখ রাসেল শিশু পার্ক নির্মাণের উদ্যোগ গ্রহণ করতে হবে। | স্থানীয় সরকার বিভাগ |